

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৫

৫. কিতাবুল ঈমান (كَتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ যে গাছের সাথে মুসলিমদের সাদৃশ্য দেওয়া হয়েছে, সেই গাছের বিবরণ

ذِكْنُ الْإِخْبَارِ عَنْ وَصنْفِ مَا يُشْبِهُ الْمُسْلِمَ مِنَ الشَّجَرِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الطَّيِّبِ مُحَمَّدُ بْنُ عَلِيِّ الصَّيْرَفِيُّ قَالَ حَدَّثَنَا أَبُو كَامِلِ الْجَحْدَرِيُّ قَالَ حَدَّثَنَا أَيُّوبُ عَنْ أَبِي الخليل عن مجاهد عن بْنَ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا لِأَصْحَابِهِ: " أَخْبِرُونِي عَنْ شَجَرَةٍ مَثَلُهَا مَثَلُ الْمُؤْمِنِ " اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا لِأَصْحَابِهِ: " أَخْبِرُونِي عَنْ شَجَرَةٍ مَثَلُها مَثَلُ الْمُؤْمِنِ " قَالَ: فَجَعَلَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا لِأَصْحَابِهِ الْوَادِي قَالَ عَبْدُ اللَّهِ: وَأُلْقِي فِي نَفْسِي أَوْ وَلَ فَوَلَ فَأَرَى أَسْنَانًا مِنَ الْقَوْمِ فَأَهَابُ أَنْ أَتَكلَّمَ وَعِي أَنَّهَا النَّخْلَةُ قَالَ: فَجَعَلْتُ أُرِيدُ أَنْ أَقُولَ فَأَرَى أَسْنَانًا مِنَ الْقَوْمِ فَأَهَابُ أَنْ أَتَكلَّمَ وَلَا فَلَمْ يَكُشِفُوا فَقال رسول الله صلى الله عليه وسلم: "هي النخلة".

الراوي: ابْن عُمرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 245 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৪৫. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তোমরা আমাকে বলো এমন একটি বৃক্ষের কথা, যার দৃষ্টান্ত মু'মিন ব্যক্তির মতো। রাবী বলেন, এরপর লোকজন জঙ্গলের বিভিন্ন গাছ সম্পর্কে আলোচনা করতে লাগলেন। আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন: "আমার অন্তরে বা মনে হলো যে, এটি খেজুর গাছ। তিনি বলেন, আমি বলতে উদ্যত হলাম, অতঃপর আমি সেখানে কওমের প্রবীণ ব্যক্তিদের দেখতে পেলাম, ফলে আমি কথা বলতে ভয় পেলাম। কিন্তু তাঁরা তা আবিষ্কার করতে পারলেন না। ফলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "এটি হলো খেজুর গাছ।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৮১১, ৬৪; ইবনু মান্দাহ, আল ঈমান: ১৮৯।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৮৩২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন